

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫১.২০.৪৯

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১২২৮৪/২০১৯ মামলায় রুল নিশির আলোকে **Show Cause** এর জবাবসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে জবাব (**Affidavit in opposition**) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: রফিকুল ইসলাম, পিতা: মো: গাজী রহমান, গ্রাম: পাঁচপুকুর, জামতলা পোস্ট: পাঁচপুকুর, থানা: নীলফামারী, জেলা: নীলফামারী; এবং বর্তমানে অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল গ্র্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, উপজেলা: নীলফামারী, জেলা: নীলফামারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৮৪/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ধারা ২৭, ৩১, ৪৪ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭-১১৮১, তারিখ: ১৭.১২.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে। মামলার রিটে আবেদনকারী জনাব মো: রফিকুল ইসলাম এর বকেয়াসহ সকল এমপিও প্রদানের দাবী করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে ডাইরেকশন অংশে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭-১১৮১, তারিখ: ১৭.১২.২০১৮ খ্রি:-কে তর্কিত আখ্যায়িত করে **Show Cause** করা হয়েছে এবং ২৩.১২.২০১৯ খ্রি: তারিখ বা তার পূর্বে **Show Cause** এর জবাব দিতে বলা হয়েছে। **Show Cause** এর জবাব দেয়া প্রয়োজন।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

(১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭-১১৮১, তারিখ: ১৭.১২.২০১৮ খ্রি: এর প্রেক্ষিতে রিট নিষ্পত্তির লক্ষ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

(২) উক্ত রিট মামলার জবাব (**Affidavit in opposition**) মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না? হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে বিলম্বের কারণ কী?

(৩) উক্ত মামলায় শুনানী অস্ত্রে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?

(৪) উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

(৫) উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৬. উল্লেখ্য যে, রুল নিশির আদেশ পত্রখানা ২১.১০.২০১৯ খ্রি: তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অডিট ও আইন অনুবিভাগে পাওয়া গেছে।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২২৮৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (**Affidavit in**

opposition) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ২৩.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫১.২০.৪৯/১(৭)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)